

খণ্ড 28

Dekalb County School District পরিবারকে শুভেচ্ছা,

আপনাদের আবার স্বাগত জানাই! বৈশ্বিক মহামারীর কারণে এক বছর আগে ডিস্ট্রিক্ট স্কুল বন্ধ করে দেয়ার পর আজ আমাদের ক্লাসরুমে আবার শিক্ষার্থী ও শিক্ষকদের দেখে আমি খুবই আনন্দিত।

আমাদের প্রথমদিন সফল ছিল কারণ আমাদের শিক্ষার্থী, কর্মী এবং শিক্ষকরা শিক্ষার নিরাপদ পরিবেশ তৈরি করতে প্রশমন কৌশল অনুসরণ করেছেন। প্রথম দিন আমার একাধিক স্কুল পরিদর্শন করার সুযোগ ছিল। আমাকে পাঠানো অনেক স্কুলের ছবি ও ভিডিও আমি দেখেছি।

আমি মুগ্ধ হয়ে গেছিলাম! এবং, আমি হাইব্রিড শিক্ষায় পরিবর্তন করার ক্ষেত্রে কঠোর পরিশ্রমের জন্য আমাদের কেন্দ্রীয় অফিসের কর্মী, আঞ্চলিক সুপারিন্টেন্ডেন্ট, অধ্যক্ষ, শিক্ষক, বাস চালক, পুষ্টি বিষয়ক কর্মী এবং সমস্ত স্কুল কর্মীদের ধন্যবাদ জানাতে চাই। এই মহামারী সময়তেও এগিয়ে যেতে DeKalb County School District (DCSD) যা করছে তা অসাধারণ। অতিরিক্ত সহায়তা প্রদান করতে, আমাদের কর্মীরা স্কুলগুলো পরিদর্শন করবে।

আমি স্বীকার করেছি যে স্কুলে ক্লাস আবার শুরু করা আমাদের কমিউনিটিতে একটি মেরুকরণের বিষয় ছিল। উভয় পক্ষই বিষয়ের প্রতি তাদের অনুভূতি জানাচ্ছিল, আমি প্রত্যেকের দৃষ্টিভঙ্গী বুঝেছি ও সেই বিষয়ে সহানুভূতিশীল। আমি আশা করি যে স্কুলে ক্লাস শুরু হওয়া মানে হল আমাদের কমিউনিটির সেরে ওঠা শুরু হওয়া। আমি বিশ্বাস করি আমরা সকলেই একমত যে আমাদের শিক্ষার্থী এবং কর্মীরা অসাধারণ। আমাদের শিক্ষার্থীদের ক্লাসরুমে ক্লাস করা দেখে ভালোবাসা এবং সহানুভূতি জাগে।

আমরা আবার ক্লাসে আমাদের শিক্ষার্থীদেরকে নিরাপদে ক্লাস করানো নিয়ে কাজ করছি এই বিষয়ে আমরা আমাদের পরিবার, কর্মী ও স্টেকহোল্ডারদের তথ্য দিতে থাকব। স্কুলে আবার ক্লাস শুরু হওয়ার সময়সূচি, মিল পরিষেবা ও বাস রুট নিয়ে তথ্য পেতে, দয়া করে আমাদের ওয়েবসাইট দেখুন।

কোভিড-19 টিকা

আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে DCSD কর্মীদের জন্য পরীক্ষা ও টিকাকরণের ও পরিবারদের জন্য পরীক্ষার পরিকল্পনা চূড়ান্ত করে ফেলেছে। কর্মীদের জন্য টিকা অ্যাডমিনিস্ট্রিটিভ ও ইন্সট্রাকশনাল কমপ্লেক্সে দেয়া হবে। টিকা দেয়ার জন্য ডিস্ট্রিক্ট DeKalb কাউন্টির স্বাস্থ্য পর্ষদ, Walgreens এবং Briarcliff Pharmacy-এর সঙ্গে জোট করেছে। ভবিষ্যতে অন্যান্য অবস্থান জানানো হবে।

DeKalb কাউন্টির স্বাস্থ্য পর্ষদ টিকা নিতে আগ্রহী DCSD কর্মীদের টিকা প্রদানের জন্য 12,000 ভ্যাকসিনেশন কিটের ব্যবস্থা করেছে। অ্যাপয়েন্টমেন্টের জন্য রেজিস্টার করতে একটি রেজিস্ট্রেশন লিঙ্ক পাঠানো হয়েছে।

কর্মী ও পরিবারের জন্য চারটি স্কুলে কোভিড-19 পরীক্ষা করা হবে —Cross Keys High School, Bethune Middle School, Doraville United Elementary School and Dunwoody Elementary School— সময়: 9 a.m. and 1 p.m., and 3 p.m. and 5 p.m।

পরীক্ষা ও টিকাকরণ সম্পর্কে আরো তথ্যের জন্য এখানে ক্লিক করুন।

ফ্যামিলি ম্যাটার গেম নাইট

DCSD-এর অভিভাবক ও পরিবার সম্পৃক্ততা বিভাগ 30 মার্চ 2021 5:30 p.m. থেকে 7:30 p.m পর্যন্ত ভার্চুয়াল ফ্যামিলি ম্যাটার গেম নাইটের আয়োজন করবে। আমরা আমাদের পরিবারের সকলকে গণিত শেখার, পড়ার অনন্য ও মজাদার উপায়গুলো এবং গুরুত্বপূর্ণ চিন্তাভাবনার কৌশলগুলো অনুসন্ধান করার জন্য আমন্ত্রণ জানাচ্ছি। এই মজাদার ইভেন্টে রেজিস্টার করার জন্য, এখানে ক্লিক করুন।

ফিল্ড ডে

DCSD ফিল্ড ডেতে অঞ্চল III এর লিডারদের সঙ্গে অসাধারণ সময় কাটিয়েছি। অঞ্চল III আমাদের শিক্ষার্থীদের মান সম্মত শিক্ষা প্রদান নিশ্চিত করতে ও লক্ষ্য স্থির করতে অসাধারণ কাজ করেছে। আমি আমাদের শিক্ষার্থীদের প্রতি আঞ্চলিক সুপারিনটেনডেন্ট Sean Tartt-এর দায়বদ্ধতার জন্য ধন্যবাদ জানাতে চাই।

বাস চালক কমিটির মিটিং

আজ DCSD বাস চালক কমিটির সঙ্গে আমার সাক্ষাতের সুযোগ পেয়েছিলাম। আমাদের বাচ্চাদের অভিভাবদন জানাতে ও ডিস্ট্রিক্টের কাজ শুরু করতে ডিসপ্যাচ ও বাস চালকরাই হলেন প্রথম শ্রেণীর কর্মী। আপনি যা করেছেন ও আপনার পরিষেবার জন্য ধন্যবাদ।

স্কুলের সমাজ সেবা সপ্তাহ

গত সপ্তাহে, DCSD স্কুলের সমাজ সেবা সপ্তাহ পালন করেছি। স্কুলের সমাজ সেবা সামাজিক কাজের বিস্তৃত ক্ষেত্রে অনুশীলনের একটি বিশেষ ক্ষেত্র। গত কয়েক বছর স্কুলে যাওয়ার বয়স হয়েছে এমন বাচ্চাদের পরিবারদের অনেক অর্থনৈতিক, শিক্ষামূলক এবং সামাজিক সমস্যা বেড়েছে, যার ফলে স্কুল সমাজকর্মীদের সেবা করার সুযোগ বেড়েছে।

আমাদের সমাজকর্মীরা পরিবারদের সাহায্য করে, সারিয়ে তোলে, অন্যায় সংশোধন ও আরো অনেক কিছু করে। সহায়তা প্রয়োজন এমন শিক্ষার্থীদের পাশাপাশি আমাদের শিক্ষার্থী, কর্মী এবং কমিউনিটিকে সহায়তা করার ক্ষেত্রে DCSD সমাজকর্মীরা যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন তার জন্য ধন্যবাদ।

বোর্ডের কৃতজ্ঞতা সপ্তাহ

DCSD 15-19 মার্চ জর্জিয়া স্কুল বোর্ডের কৃতজ্ঞতা সপ্তাহ পালন করবে। আমরা আমাদের স্কুল বোর্ডের সদস্যদের ডিস্ট্রিক্টের শিক্ষার্থী, কর্মী, পিতামাতা এবং অন্যান্য স্টেকহোল্ডারদের প্রতি প্রতিশ্রুতিবদ্ধতার জন্য সম্মান জানাই।

কথোপকথন চালিয়ে যাওয়া এবং আমাদের শিক্ষার্থীদের উন্নতির জন্য কঠিন সিদ্ধান্ত নেয়ার সাহস দেখানোর জন্য আমরা শিক্ষা পর্ষদের সদস্যদের ধন্যবাদ জানাই। আমরা তাদের সিদ্ধান্ত নেয়া এবং চ্যাম্পিয়ন করতে এবং সমস্ত শিক্ষার্থীর জন্য মানসম্মত শিক্ষার পক্ষে অবদান রাখার জন্য তাদের ধন্যবাদ জানাই।

আমরা আশা করছি 15 মার্চ, 2021 এ এই মাসের শিক্ষা পর্ষদের মিটিং দেখবেন। আপনি DSTV-তে মিটিং দেখতে পারেন।

বিনীত,

Mrs. Cheryl Watson-Harris